



শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ
কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড
(সিপিজিসিবিএল)

An Enterprise of Government of the
People's Republic of Bangladesh

কোম্পানি সচিবের দপ্তর

www.cpgcbl.gov.bd



স্মারক নম্বর: ২৭.৩২.০০০০.০১১.৩৫.০০৫.১৯.২০

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির নিমিত্ত জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনার আওতায় “[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ” শীর্ষক কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। উল্লেখ্য, বর্তমানে সিপিজিসিবিএল এর তত্ত্বাবধানে মাতারবাড়ি ২X৬০০ মেগাওয়াট আন্ড্রা-সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে, যা মূলত কর্পোরেট সেট-আপের আওতায় নিয়োগকৃত জনবল দ্বারা পরিচালিত হচ্ছে। ফলে সিপিজিসিবিএল এর মাঠ পর্যায়ে কোনও স্বয়ংসম্পূর্ণ দপ্তর নেই। এ প্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।
বর্ণিত অবস্থায়, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আদিষ্ট হয়ে সদয় অবগতির নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০১-০৪-২০২৪

মোহাম্মদ শহিদ উল্লাহ
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
০২ ২২২২২১৫০৯
cs@cpgebl.gov.bd

সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ।

স্মারক নম্বর: ২৭.৩২.০০০০.০১১.৩৫.০০৫.১৯.২০/১
(৫)

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড;
- ২। নির্বাহী পরিচালক (অর্থ), অর্থ ও হিসাব বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড;
- ৩। নির্বাহী পরিচালক (পিএন্ডডি), পি এন্ড ডি বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড;
- ৪। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি) (ভারপ্রাপ্ত), পি এন্ড ডি বিভাগ, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড এবং
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্লানিং), প্ল্যানিং শাখা, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড।



A handwritten signature in blue ink, appearing to be 'মোহাম্মদ শহিদ উল্লাহ' (Mohammad Shahid Ullah), written on a light blue rectangular background.

০১-০৪-২০২৪

মোহাম্মদ শহিদ উল্লাহ
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)


২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

সিপিজিসিবিএল এবং বিদ্যুৎ বিভাগের মধ্যে স্বাক্ষরিত ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনার আওতায়- “[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন” শীর্ষক কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। বর্তমানে সিপিজিসিবিএল এর তত্ত্বাবধানে মাতারবাড়ি ২x৬০০ মেগাওয়াট আল্ট্রা-সুপার ক্রিটিক্যাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। তদপ্রেক্ষিতে বর্তমানে সিপিজিসিবিএল এর মাঠ পর্যায়ে কোনও স্বয়ংসম্পূর্ণ দপ্তর নেই। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত “সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪” অনুযায়ী, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ ও তা বাস্তবায়ন অগ্রগতির তথ্য নিম্নরূপ:

ক্রম	কার্যক্রমসমূহ	একক	লক্ষ্যমাত্রা	অর্জন	অগ্রগতির তথ্য
০১	[১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করণ।	সংখ্যা	৪	৩	সিপিজিসিবিএল এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ৩য় ত্রৈমাসিকে হালনাগাদকরতঃ গত ২৪ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখে সিপিজিসিবিএল এর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
০২	[১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর / সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।	সংখ্যা	৪	৩	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ৩য় অবহিতকরণ সভা গত ২৪-০৩-২০২৪ ইং তারিখে আয়োজন করা হয়েছে।
০৩	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর / সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন।	সংখ্যা	৪	৩	আওতাধীন দপ্তর/সংস্থা না থাকায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।
০৪	[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/ কর্মশালা/ সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।	সংখ্যা	১	১	গত ২৫/০৩/২০২৪ ইং তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সিপিজিসিবিএল এর কর্মকর্তাদের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

 ৩০ মার্চ ২০২৪

ইমরান সরকার
সহকারী কোম্পানি সচিব
কোল পাওয়ার জেনারেশন কোম্পানি
বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)


 ৩০.০৩/২৪


মোহাম্মদ মনিরুজ্জামান
প্রধান প্রকৌশলী (পিএন্ডডি) ভারপ্রাপ্ত
কোল পাওয়ার জেনারেশন কোম্পানি
বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)

পরিবীক্ষণ কার্যক্রম:

সিপিজিসিবিএল এর সিটিজেনস চার্টারে অন্তর্ভুক্ত সেবাসমূহকে নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ এ তিন ক্যাটাগরিতে বিন্যস্ত করা হয়েছে। তন্মধ্যে নাগরিক সেবাসমূহের আওতাভুক্ত “তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান বিষয়ক কার্যাবলি” শীর্ষক সেবাটি পরিবীক্ষণ করার নিমিত্ত দৈবচয়ন ভিত্তিতে নির্বাচন করা হয়। সিটিজেনস চার্টার-এ আলোচ্য সেবা প্রদানের সময়সীমা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সরাসরি তথ্য প্রদানের ক্ষেত্রে ২০ কর্মদিবস এবং একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে ৩০ কর্মদিবস (তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী) এর বিষয়ে উল্লেখ রয়েছে। এ লক্ষ্যে সিপিজিসিবিএল এর তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হতে এ সংক্রান্ত নথি পর্যালোচনা করা হয়। বিস্তারিত পর্যালোচনান্তে দেখা যায় যে, গত ১২/০২/২০২৪ তারিখে জনাব আলী আহমদ এল.এ মামলা নং ০২/২০১৩-১৪ এর আওতায় ধলঘাটা মৌজায় বিভিন্ন খতিয়ানের বিভিন্ন দাগে ১৯/০২/২০১৮ হতে অদ্যবধি কতজন ব্যক্তি ক্ষতিপূরণ প্রাপ্ত হয়েছেন বা প্রাপ্ত হইলে উক্ত ব্যক্তিবর্গের নাম ঠিকানা, টাকার পরিমাণ এবং তারিখ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি জানতে চেয়ে আবেদন করেছেন। তদপ্রেক্ষিতে সিপিজিসিবিএল এর সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক গত ২৫/০২/২০২৪ তারিখে আবেদনকারীকে পত্রের মাধ্যমে এ বিষয়ে অবহিত করা হয়েছে। অতএব আলোচ্য সেবাটি সিটিজেনস চার্টার এ উল্লিখিত সময়সীমার মধ্যেই প্রদান করা হচ্ছে মর্মে প্রতীয়মান হয়।


ইমরুল সরকার
সহকারী কোম্পানি সচিব
কোল পাওয়ার জেনারেশন কোম্পানি
বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)


৩১.০২.২৪
মোহাম্মদ মনিরুজ্জামান
প্রধান প্রকৌশলী (পিএন্ডডি) ভারপ্রাপ্ত
কোল পাওয়ার জেনারেশন কোম্পানি
বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)